অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/9/2022 **গভর্নর ক্যাথি হোকল**

1.4 বিলিয়ন ডলারের ভাইটাল ব্রুকলিন উদ্যোগের অংশ হিসেবে 39 মিলিয়ন ডলারের সাশ্রয়ী ও সহায়ক আবাসন উন্নয়ন প্রকল্পের নির্মাণকাজ শুরু হচ্ছে বলে গভর্নর হোকলের ঘোষণা

বেডফোর্ড-স্টাইভেসেন্টে অবস্থিত দ্য হার্ট 57টি নতুন সাশ্রয়ী বাড়ি, মেন্টাল হেলথ আউটপেশেন্ট প্রোগ্রাম এবং প্রাইমারি কেয়ার সেন্টার নিয়ে একটি টেকসই, কল্যাণমুখী কমিউনিটি গড়ে তুলবে

এই উন্নয়ন প্রকল্পে 38 জন গৃহহীন প্রবীণ ও গৃহহীন পরিবারের জন্য বাড়তি সহায়তা সহ সব বাসিন্দার জন্য অন-সাইট সামাজিক পরিষেবা প্রদান করা হবে

রেন্ডারিং এখানে পাওয়া যাবে

গভর্নর হোকল আজ স্টেটের 1.4 বিলিয়ন ডলারের ভাইটাল ব্রুকলিন উদ্যোগের (Vital Brooklyn Initiative) অংশ হিসেবে 39 মিলিয়ন ডলারের একটি সাশ্রয়ী ও সহায়ক আবাসন উন্নয়ন প্রকল্পের নির্মাণকাজ শুরু হওয়ার কথা ঘোষণা করেছেন। বেডফোর্ড স্টাইভেসেন্টে অবস্থিত দ্য হার্ট প্রকল্পে দীর্ঘদিন ধরে গৃহহীন অবস্থায় থাকা প্রবীণ ব্যক্তি ও পরিবারসমূহের জন্য 38টি সহায়ক বাড়ি সহ 57টি টেকসই ও স্থায়ীভাবে সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট থাকবে। সেইসাথে, দ্য হার্টে ওয়ান ব্রুকলিন হেলথ (One Brooklyn Health) কর্তৃক পরিচালিত একটি মেন্টাল হেলথ আউটপেশেন্ট প্রোগ্রাম এবং একটি নতুন প্রাইমারি কেয়ার সেন্টার থাকবে।

"প্রত্যেক নিউ ইয়র্কবাসী তাদের প্রয়োজন পূরণকারী নিরাপদ, সাশ্রয়ী আবাসনের অ্যাক্সেস পাওয়ার অধিকারী," **বলেছেন গভর্নর হোকল**। "দ্য হার্ট-এর এই রূপান্তরমূলক প্রকল্প টেকসই সাশ্রয়ী আবাসনের সঙ্গে সহায়ক ও সুস্থতা পরিষেবার সম্মিলন ঘটাচ্ছে যা নিউ ইয়র্কবাসীদের স্থিতিশীলতা ও সাফল্য অর্জন করতে সাহায্য করবে। আমাদের অর্থনৈতিক পুনরুদ্ধার অব্যাহত রাখার এই সময়ে, প্রত্যেক কমিউনিটি যাতে তাদের সমৃদ্ধির জন্য প্রয়োজনীয় সহায়তা ও পরিষেবাসমূহের অ্যাক্সেস পায় তা আমাদেরকে অবশ্যই নিশ্চিত করতে হবে।"

নিউ ইয়র্কের 1.4 বিলিয়ন ডলারের ভাইটাল ব্রুকলিন উদ্যোগ স্বাস্থ্যসেবা থেকে আবাসন পর্যন্ত আটটি একীভূত খাতকে টার্গেট করছে এবং সেগুলোতে বিনিয়োগ করছে, এবং এর মাধ্যমে ব্রুকলিনের অধিক প্রয়োজন থাকা কমিউনিটিগুলোতে দীর্ঘ দিন ধরে চলে আসা অর্থনৈতিক ও

জাতিগত বৈষম্য মোকাবেলার একটি নতুন মানদণ্ড প্রতিষ্ঠা করছে। চূড়ান্ত পর্যায়ে গিয়ে ভাইটাল ব্রুকলিন উদ্যোগ সেন্ট্রাল ব্রুকলিনের এলাকাগুলোতে 4,000 সাশ্রয়ী বাড়ি তৈরি করবে। এই সফল প্রচেষ্টার সঙ্গে সংযোজনের জন্য গভর্নর হোকল 25 বিলিয়ন ডলারের একটি নতুন পাঁচ-বছর মেয়াদী আবাসন পরিকল্পনা প্রস্তাব করেছেন যা সহায়তামূলক পরিষেবাসম্পন্ন 10,000 বাড়ি সহ নিউ ইয়র্ক ব্যাপী আরো 100,000 সাশ্রয়ী বাড়ি তৈরি ও সংরক্ষণ করবে।

CAMBA হাউজিং ভেঞ্চার্স (CAMBA Housing Ventures) এর ডেভেলপ করা এই নয়-তলা ভবনটি ব্রুকলিনের বেডফোর্ড স্টাইভেসেন্ট এলাকায় 1038 ব্রডওয়েতে নির্মিত হবে। এই সাইট আগে ইন্টারফেইথ মেডিকেল সেন্টারের (Interfaith Medical Center) মেন্টাল হেলথ আউটপেশেন্ট প্রোগ্রামের ঠিকানা ছিল যেটি নতুন ভবনের নিচ তলায় একটি প্রাইমারি কেয়ার সেন্টারের পাশাপাশি অবস্থান গ্রহণ করবে। একসঙ্গে, ভবনটি অধিবাসীদের ও কমিউনিটির জন্য আনুমানিক 5,000 বর্গফুট জায়গা নিয়ে স্বাস্থ্যসেবা সংক্রান্ত সুযোগ-সুবিধা প্রদান করবে। ওয়ান ব্রুকলিন হেলথ মানসিক স্বাস্থ্য ও প্রাথমিক সেবা কেন্দ্রগুলো পরিচালনা করবে, যা ভাইটাল ব্রুকলিনের 32টি অ্যাম্বুলেটরি কেয়ার সেন্টারের একটি হিসেবে কাজ করবে।

দ্য হার্ট-এর 57টি অ্যাপার্টমেন্টের মধ্যে পঞ্চাশটি স্টুডিও, দুইটি এক-বেডরুমের অ্যাপার্টমেন্ট, চারটি দুই-বেডরুমের অ্যাপার্টমেন্ট, এবং লিভ-ইন সুপারিন্টেন্ডেন্টের জন্য একটি অ্যাপার্টমেন্ট থাকবে। চৌত্রিশটি অ্যাপার্টমেন্ট দীর্ঘ দিন ধরে গৃহহীন অবস্থায় থাকা প্রবীণদের জন্য আলাদা রাখা হবে এবং চারটি অ্যাপার্টমেন্ট দীর্ঘ দিন ধরে গৃহহীন অবস্থায় থাকা সেসব পরিবারের জন্য সংরক্ষিত থাকবে যেসব পরিবারে কমপক্ষে একজন সদস্য গুরুতর মানসিক অসুস্থতা নিয়ে বসবাস করছেন। অবশিষ্ট অ্যাপার্টমেন্টগুলো নিম্ন- ও মধ্যম-আয়ের পরিবারগুলোর জন্য লভ্য থাকবে।

মার্ভেল আর্কিটেক্টস (Marvel Architects) কর্তৃক নকশাকৃত দ্য হার্ট LEED সার্টিফিকেশন এবং এনার্জি স্টার মাল্টিফ্যামিলি নিউ কনস্ট্রাকশন প্রোগ্রাম (Energy Star Multifamily New Construction Program) সার্টিফিকেশন অর্জনের চেষ্টা করবে। ভবনটিতে কার্যপরিচালনার ব্যয় কমানো, প্রাকৃতিক সম্পদের উপর দ্য হার্ট-এর প্রভাব কমানো, এবং অধিবাসীদের ও এলাকার জন্য একটি স্বাস্থ্যকর ভবন প্রদান করার উদ্দেশ্যে একটি ফটোভোল্টিক অ্যারের জন্য সোলার-রেডি অপশন রাখা হবে।

সহায়ক পরিষেবা প্রদানকারী CAMBA, ইনক. (CAMBA, Inc.) এর অধিভুক্ত প্রতিষ্ঠান CAMBA হাউজিং ভেঞ্চার্স, ইনক. (CHV), এই ভবনের নির্মাণকাজ সম্পন্ন করছে। অধিবাসীদের সবার জন্য একটি CAMBA সোশ্যাল সার্ভিস স্যুইটে অন-সাইট সামাজিক পরিষেবার ব্যবস্থা থাকবে এবং শারীরিক ও মানসিক স্বাস্থ্য সংক্রান্ত সহায়তা, মাদকদ্রব্য ব্যবহার সংক্রান্ত কাউন্সেলিং, অর্থনৈতিক ক্ষমতায়ন সংক্রান্ত শিক্ষাদান, যুব উন্নয়ন কর্মসূচি, পারিবারিক কাউন্সেলিং ও সহায়তা, পুষ্টি পরিষেবা ও স্বনির্ভর জীবনযাপনের দক্ষতা সংক্রান্ত প্রশিক্ষণ ইত্যাদি বিষয়ের উপর জোর দেওয়া কেস ব্যবস্থাপনা এর মধ্যে অন্তর্ভুক্ত থাকবে।

দ্য হার্ট-এর ভাড়াটিয়ারা দ্বিতীয়-তলায় ফিটনেস সংক্রান্ত ক্রিয়াকলাপ ও বাগান করার জন্য একটি টেরেস উপভোগ করতে পারবেন যেখানে কমিউনিটি বাগান তৈরি, বসার জায়গা, এবং

ফিটনেস ও সুস্থতা বিষয়ক ক্রিয়াকলাপ সম্পন্ন করার সুযোগ থাকবে। সুযোগ-সুবিধাসমূহের মধ্যে 24/7 ফ্রন্ট-ডেস্ক সিকিউরিটি, স্থানীয় শিল্পকর্ম ও ভাস্কর্য প্রদর্শন, একটি কমিউনিটি রুম, একটি কম্পিউটার রুম, লন্ড্রি রুম ও বাইসাইকেল স্টোরেজ অন্তর্ভুক্ত থাকবে। নির্মাণকাজ শেষে নিকটস্থ একটি CHV সাশ্রয়ী ও সহায়ক আবাসন উন্নয়ন প্রকল্পে একটি কমিউনিটি ফ্যাসিলিটি অ্যানেক্সে CAMBA কর্তৃক সরবরাহকৃত একটি অর্থনৈতিক উন্নয়ন ও কর্মী প্রশিক্ষণ কেন্দ্র (Economic Development and Workforce Training Center) অন্তর্ভুক্ত থাকবে।

দ্য হার্ট-এর জন্য অর্থায়নের মধ্যে রয়েছে ফেডারেল ও স্টেট পর্যায়ের নিম্ন-আয়ের কর ক্রেডিট যা থেকে 21.8 মিলিয়ন ডলারের ইক্যুইটি তৈরি হবে বলে প্রত্যাশা করা হচ্ছে এবং নিউ ইয়র্ক স্টেট হোমস এন্ড কমিউনিটি রিনিউয়ালের (Homes and Community Renewal) তরফ থেকে 6.1 মিলিয়ন ডলারের ভর্তুকি। নিউ ইয়র্ক স্টেটের সাময়িক ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তর (Office of Temporary and Disability Assistance) গৃহহীনদের আবাসন সহায়তা কর্মসূচির (Homeless Housing Assistance Program) মাধ্যমে 7.9 মিলিয়ন ডলার প্রদান করছে এবং নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগ (Department of Health) এম্পায়ার স্টেট সহায়ক আবাসন উদ্যোগের (Empire State Supportive Housing Initiative) মাধ্যমে 38টি সহায়ক ইউনিটের জন্য ভাড়া ও পরিষেবা সংক্রান্ত ভর্তুকি প্রদান করছে। ফেডারেল হোম লোন ব্যাংক (Federal Home Loan Bank) 1.8 মিলিয়ন ডলারের সহায়তা প্রদান করছে।

হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল-এর কমিশনার রুথ-অ্যান ভিসনাউকাস বলেন, "দ্য হার্ট যথার্থ নামের ও উদ্দীপনাপূর্ণ একটি উন্নয়ন প্রকল্প যেখানে টেকসই নকশার উপাদানসমূহ এবং 57টি পরিবারকে আবাসনের স্থিতিশীলতা ও অর্থনৈতিক ক্ষমতায়ন অর্জনে সাহায্য করার জন্য একটি সামগ্রিক প্রচেষ্টার সম্মিলন ঘটানো হয়েছে। এসব ছাড়াও, এই উন্নয়ন প্রকল্প বেডফোর্ড স্টাইভেসেন্ট এলাকায় অতি প্রয়োজনীয় মানসিক স্বাস্থ্য ও প্রাথমিক সেবা সংক্রান্ত পরিষেবা পৌঁছে দিবে। স্টেটের অভিনব ভাইটাল ব্রুকলিন উদ্যোগের অংশ হিসেবে 39 মিলিয়ন ডলারের এই প্রকল্পে CAMBA হাউজিং ভেঞ্চার্স-এর সঙ্গে অংশীদার হতে পেরে আমরা গর্বিত, এবং গভর্নর হোকল, আমাদের সহযোগী সংস্থাসমূহ, ও ওয়ান ব্রুকলিন হেলথ সিস্টেমের কাছ থেকে পাওয়া সহায়তার জন্য আমরা কৃতজ্ঞ। দ্য হার্ট-এর মতো স্মার্ট, সুচিন্তিত ও রূপান্তরমূলক বিনিয়োগই সেন্ট্রাল ব্রুকলিনের কমিউনিটিগুলোর প্রাপ্য।"

সাময়িক ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তরের ভারপ্রাপ্ত কমিশনার ড্যানিয়েল ডব্লিউ. টিয়েজ বলেন, "নতুন সহায়ক আবাসন তৈরি করাটা নিউ ইয়র্কব্যাপী গৃহহীনতা কমিয়ে আনার জন্য আমাদের প্রচেষ্টার কেন্দ্রবিন্দুতে রয়েছে। স্টেটের ভাইটাল ব্রুকলিন উদ্যোগের অংশ হিসেবে, দ্য হার্ট গৃহহীনতার সম্মুখীন হওয়া নিউ ইয়র্কবাসীদেরকে তাদের দীর্ঘমেয়াদী আবাসনের স্থিতিশীলতা নিশ্চিত করার জন্য তাদের প্রয়োজনীয় পরিষেবাগুলো প্রদান করবে। আমাদের মধ্যকার সবচেয়ে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠী সহ আমাদের স্টেটের সবার জন্য নিরাপদ, সাশ্রয়ী আবাসনের ব্যবস্থা করতে গভর্নর হোকলের অব্যাহত অঙ্গীকারাবদ্ধতা ও বিনিয়োগকে আমি সাধুবাদ জানাই।"

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের কমিশনার ড. ম্যারি ব্যাসেট বলেন, "কোভিড-19 মহামারীর সময়ে যখন সুবিধাবঞ্চিত নিউ ইয়র্কবাসীদের মধ্যকার বৈষম্যের বিষয়টি আরো স্পষ্ট

হয়ে উঠেছে, সেসময়ে ভাইটাল ব্রুকলিন উদ্যোগের মাধ্যমে, আমরা ইতোপূর্বে ইন্টারফেইথ মেডিকেল সেন্টারের মেন্টাল হেলথ আউটপেশেন্ট প্রোগ্রামের জন্য ব্যবহৃত হওয়া এবং যথাযথভাবে ব্যবহৃত না হওয়া জায়গাকে দীর্ঘ দিন ধরে গৃহহীন অবস্থায় থাকা প্রবীণদের ও পরিবারগুলোকে আরো ভালোভাবে সেবা প্রদানের জন্য সাশ্রয়ী আবাসন ও কর্মসূচির জন্য রূপান্তর করার মাধ্যমে এসব প্রয়োজন আরো ভালোভাবে মোকাবেলা করছি।"

ওয়ান ব্রুকলিন হেলথ সিস্টেমের প্রেসিডেন্ট ও CEO লা-রে ব্রাউন বলেন, "ভাইটাল ব্রুকলিন উদ্যোগ স্বাস্থ্য ও আবাসনের মধ্যকার অতি গুরুত্বপূর্ণ পারস্পরিক নির্ভরশীলতার বিষয়টি অনুধাবন করতে পেরেছে। এই অতি প্রয়োজনীয় 57টি অ্যাপার্টমেন্ট নির্মাণের জন্য CAMBA হাউজিং ভেঞ্চার্স ও নিউ ইয়র্ক স্টেটের সঙ্গে অংশীদার হতে পেরে ওয়ান ব্রুকলিন হেলথ আনন্দিত বোধ করছে। এই নবনির্মিত আউটপেশেন্ট স্পেসে আমরা আমাদের পরিষেবা গ্রহণ করতে ইচ্ছুক দ্য হার্ট-এর ভাড়াটিয়াদের জন্য প্রাথমিক সেবা ও মানসিক স্বাস্থ্য পরিষেবা প্রদান করার এবং সেন্ট্রাল ব্রুকলিনের বাসিন্দাদের জন্য পরিষেবা প্রদান পুনরায় চালু করার প্রত্যাশা রাখি।"

CAMBA/CHV-এর প্রেসিডেন্ট ও CEO জোয়ান এম. অপ্লাসটিল বলেন, "ভাইটাল ব্রুকলিন উদ্যোগের ভিশন ও আমাদের তহবল প্রদানকারী অংশীদারদের নিবেদিত কর্মপ্রচেষ্টার কল্যাণে, দ্য হার্ট একটি উদ্ভাবনমূলক, টেকসই, ও সহায়ক পরিবেশ প্রদান করতে পারবে যেখানে অধিবাসীরা ও কমিউনিটি সমৃদ্ধ হয়ে উঠবে। CHV-এর স্বকীয় উচ্চ-মানসম্মত আবাসনের সাথে CAMBA-এর অনসাইট সামাজিক পরিষেবার মিশ্রণ ওয়ান ব্রুকলিন হেলথ মেডিকেল ফ্যাসিলিটিগুলোর সাথে সহাবস্থানের ক্ষেত্রে আরো বেশি রূপান্তরমূলক প্রভাব ফেলবে। আবাসন ও স্বাস্থ্যসেবার সম্মিলন ঘটছে এমন আরেকটি উন্নয়ন প্রকল্প নিয়ে কাজ করতে পেরে আমরা রোমাঞ্চিত কারণ আমরা জানি একটি সাশ্রয়ী, সহায়ক, ও স্থায়ী বাড়ি একটি সুস্থ ও স্থিতিশীল জীবনের ভিত্তি গড়ে দেয়।"

কাউন্সিল সদস্য চি ওসি বলেন, "নতুন সাশ্রয়ী আবাসন নির্মাণ করাটা নিউ ইয়র্কের আবাসন সংকট প্রশমনের একটি গুরুত্বপূর্ণ বিষয়। কিভাবে আমরা সঠিক উপায়ে সাশ্রয়ী আবাসন পেতে পারি দ্য হার্ট তা দেখিয়ে দিচ্ছে। এই এলাকায় এতগুলো স্থায়ীভাবে সাশ্রয়ী বাড়ির পাশাপাশি দীর্ঘ দিন ধরে গৃহহীন অবস্থায় থাকা প্রবীণদের ও পরিবারগুলোর জন্য সহায়ক বাড়ি পাওয়া এই কমিউনিটির জন্য একটি সতিকারের উপহার। অন-সাইট সামাজিক পরিষেবা, নিচতলায় একটি স্বাস্থ্য কেন্দ্র, এবং বিভিন্ন সুযোগ-সুবিধার বিস্তৃত পরিসর এটিকে স্বাচ্ছন্দ্যময়, মর্যাদাপূর্ণ, ও উপভোগ্য জীবনযাপনের জন্য একটি সর্বগুণসম্পন্ন ভবনে পরিণত করবে যেটি অর্জনের জন্য সকল সাশ্রয়ী আবাসনের সচেষ্ট হওয়া উচিত। আমাদের কমিউনিটিতে এই উন্নয়ন প্রকল্পের ফলে বেড-স্টাই আরো উন্নত হয়ে উঠবে; সামনের সময়গুলোতে আমাদের এধরনের আরো বেশি উন্নয়ন প্রকল্প সম্পন্ন করতে সচেষ্ট হওয়া উচিত।"

CHV-এর পোর্টফোলিওতে 2,700 এরও বেশি ইউনিট নির্মাণের ইতিহাস রয়েছে, যা নিউ ইয়র্ক সিটি ব্যাপী 1 বিলিয়ন ডলারেরও বেশি সরকারি ও বেসরকারি বিনিয়োগের প্রতিনিধিত্ব করে। দ্য হার্ট আবাসন ও স্বাস্থ্যসেবার সহাবস্থানের ব্যাপারে CHV-এর মনোযোগকে আরো সম্প্রসারণ করবে।

দ্য হার্ট প্রকল্পটি 2024 সালের শুরুর দিকে সম্পন্ন হবে বলে প্রত্যাশা করা হচ্ছে। CHV, CAMBA, জেনারেল কন্ট্রাক্টর বলিভার বিল্ডার্স (Bolivar Builders), এবং পুরো ডেভেলপমেন্ট টিম স্থানীয় নিয়োগের সুযোগ চিহ্নিত করতে এবং নির্মাণকাজ চলাকালীন সময়ে ও তারপরেও দ্য হার্ট যাতে স্থানীয় অর্থনীতিতে একটি ইতিবাচক প্রভাব রাখতে পারে তা নিশ্চিত করতে দৃঢ় প্রতিজ্ঞ রয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন